



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৯ ফেব্রুয়ারি'২০২৪ খ্রি.

স্মার্ট বাংলাদেশ গড়তে স্মার্ট কারিকুলাম গড়ে তোলা হয়েছে : শিক্ষামন্ত্রী

স্মার্ট বাংলাদেশ গড়তে স্মার্ট কারিকুলাম গড়ে তোলা হয়েছে বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।

শুক্রবার নগরীর প্যারেড মাঠে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত আন্তঃস্কুল-কলেজ বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা-২০২৪ সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন বাংলাদেশের একটি অনন্য সিটি কর্পোরেশন যেটি শিক্ষা ও স্বাস্থ্যসেবায় ব্যাপক বিনিয়োগ করে। এক্ষেত্রে চসিক একটি মডেল সিটি কর্পোরেশন।

“স্মার্ট বাংলাদেশ গড়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে আমরা স্মার্ট কারিকুলাম গড়ে তুলছি। নতুন শিক্ষাক্রমে আমরা সফট ক্ষিল গড়ায় জোর দিচ্ছি। সাংস্কৃতিক কর্মকাণ্ড, সময়মতো কাজ করার মানসিকতা, দলগত কাজ করার, নেতৃত্ব দেয়ার দক্ষতা গড়তে পুর্ণিমাত্র শিক্ষার পরিবর্তে আধুনিক এ শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা হচ্ছে। সার্বজনীন দক্ষতা অর্জনের লক্ষ্যে

মেয়রকে মাঠ রক্ষার আহ্বান জনিয়ে শিক্ষামন্ত্রী বলেন, খেলার মাঠ দখল করে আমাদের মেলার প্রয়োজন নাই, খেলার প্রয়োজন। মাঠগুলোতে শিক্ষার্থীরা যাতে খেলতে পারে এজন্য চট্টগ্রামের মাঠগুলো রক্ষায় মেয়র মহোদয়কে এগিয়ে আসতে হবে। ছেলেদের পাশাপাশি মেয়েরাও যাতে খেলার সুযোগ পায় সে বিষয়ে সচেষ্ট হতে হবে। আমাদের একটা সুষম উন্নয়নের জন্য তাদেরও মানসিক এবং শারীরিক বিকাশ সবচেয়ে খুবই গুরুত্বপূর্ণ এবং তারাও এগিয়ে যাবে ছেলেদের সাথে মিলে এজন্য আমরা কাজ করছি।

সভাপতির বক্তব্যে চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মোঃ রেজাউল করিম চৌধুরী বলেন, চসিকের ৮২ টি স্কুলে ৬৫ হাজার শিক্ষার্থী পড়াশোনা করছে। আমি চাই শিক্ষার্থীরা ক্রীড়া, বিতর্ক ও সংস্কৃতি চর্চার মাধ্যমে এগিয়ে যাক। এজন্য চসিকের ইতিহাসে শিক্ষার্থীদের জন্য সবচেয়ে বড় এ আয়োজন করেছি।

“আমি চাই চট্টগ্রামের কোন শিশু শিক্ষা বধিত না থাকুক। এজন্য শিক্ষামন্ত্রীর কাছে আমার অনুরোধ যদি সম্ভব হয় চসিকের স্কুলগুলোকে এমপিওভুক্ত করুন। তাহলে আমরা আরো স্বল্প বেতনে আরো বেশি শিক্ষার্থীকে পড়াতে পারব।”

অনুষ্ঠানে চসিকের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষার্থীদের মাঝে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণের পাশাপাশি মনোড় সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেয় শিক্ষার্থীরা।

অনুষ্ঠানে চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তোহিদুল ইসলাম, প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, চসিকের শিক্ষা স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঙ্গুসহ কাউন্সিলরবৃন্দ, সচিব খালেদ মাহমুদ, মেয়রের একান্ত সচিব ও প্রধান শিক্ষা কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেমসহ বিভাগ ও শাখা প্রধানবৃন্দ, চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ মো. মোজাহিদুল ইসলাম চৌধুরী এবং চসিকের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা।

সিআরবির শিরীষতলায় শুরু হল চসিকের বইমেলা

সিআরবির শিরীষতলায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) উদ্যোগে আয়োজিত অমর একুশে বই মেলার উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শুক্রবার উদ্বোধন হওয়া ২৩ দিনব্যাপী মেলা শেষ হবে ২ মার্চ। মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র রেজাউল বলেন, একুশ আমাদের চেতনার উৎস। একুশের চেতনাকে ধারণা করে আমরা এগিয়ে যাব এ হোক আমাদের শপথ।

পাঠকদের বই মেলায় আসার আহ্বান জানিয়ে মেয়র বলেন, পাঠকরা মেলায় আসুন। আপনাদের নতুন প্রজন্মকেও নিয়ে আসুন। মাদকমুক্ত, সঙ্কীর্ণতামূক্ত সমাজ গড়তে শিশুদের হাতে বই তুলে দিন।

বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের কমিশনার কৃষ্ণ পদ রায় বলেন, বইমেলার সাথে আমাদের ইতিহাস, ঐতিহ্য জড়িত। বই মেলাকে সফল করতে মেলার নিরাপত্তার জন্য আমরা সচেষ্ট থাকব।

জেলা প্রশাসক আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান বিশেষ অতিথির বক্তব্যে বলেন, বই মেলার উপযোগী কোন খাস জমি পাওয়া গেলে সেখানে বই মেলাসহ বিভিন্ন আয়োজনের জন্য স্থায়ীভাবে ইনশাল্লাহ বরাদ্দ পাওয়া যাবে।

বিশেষ অতিথির বক্তব্যে বাংলাদেশ রেলওয়ের (পূর্বাঞ্চল) মহাব্যবস্থাপক মোহাম্মদ নাজমুল ইসলাম মেলার আয়োজন করায় চট্টগ্রাম সিটি মেয়র রেজাউল ও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তোহিদুল ইসলামের সভাপতিত্বে বীর মুক্তিযোদ্ধা মোজাফফর আহমদ, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, চসিকের শিক্ষা স্থায়ী কমিটির সভাপতি কাউপিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঙ্গুসহ কাউপিলরবৃন্দ, সচিব খালেদ মাহমুদ, মেয়রের একান্ত সচিব ও প্রধান শিক্ষা কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেমসহ বিভাগ ও শাখা প্রধানবৃন্দ এবং চসিকের উপ-সচিব আশেকে রসুল টিপু, সূজনশীল প্রকাশনা পরিষদের সভাপতি শাহাবুদ্দিন বাবু, সাধারণ সম্পাদক আলী প্রয়াস উপস্থিত ছিলেন।

এবারের আয়োজনের ২৩ দিনজুড়ে রবীন্দ্র উৎসব, নজরুল উৎসব, লোক উৎসব, মরমি উৎসব, বসন্ত উৎসব, তারঝ্যের উৎসব, নৃগোষ্ঠী উৎসব, শিশু উৎসব, লেখক সমাবেশ, যুব উৎসব, নারী উৎসব, চাটগাঁ উৎসব, মুক্তিযুদ্ধ উৎসব, পেশাজীবী সমাবেশ, কবিতা আবৃত্তি ও ছড়া উৎসব, স্বল্পদৈর্ঘ্য চলচিত্র ও আলোকচিত্র প্রদর্শনী, কুইজ প্রতিযোগিতা, চিত্রাঙ্কন ও সাংস্কৃতিক প্রতিযোগিতা, গুণিজন সংবর্ধনা, সম্মাননা পদক এবং সাহিত্য পুরস্কার প্রদান অনুষ্ঠান।

মেলায় সংগ্রামে-আন্দোলনে আলোকচিত্র সংকলন ‘গৌরবগাথায় শেখ হাসিনা’ এবং ‘৬৯ থেকে ৭১’ দুটি গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮